

# আইসিটি সেল

## গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

গোবিপ্রবি/আইসিটি/বিবিধ/২০২৫/০১(০৩)

তারিখঃ ০২/০৩/২০২৫ ইং

অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, ছাত্রছাত্রী ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রজ্ঞাপন অনুযায়ী অত্র বিশ্ববিদ্যালয়ের নাম পরিবর্তন করা হয়েছে।

এই পরিবর্তনের কারণে ইতিমধ্যেই বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের ডোমেইন পরিবর্তন করে [gstu.edu.bd](http://gstu.edu.bd) করা হয়েছে। একইসঙ্গে বিশ্ববিদ্যালয়ের প্রাতিষ্ঠানিক ইমেইল সার্ভারের **Google Workspace** এর প্রাইমারি ডোমেইনও পরিবর্তন করা হয়েছে।

আগামী ০৬ মার্চ ২০২৫ তারিখ বিশ্ববিদ্যালয়ের ব্যবহারকারীদের প্রাতিষ্ঠানিক ইমেইলের ডোমেইন [bsmrstu.edu.bd](http://bsmrstu.edu.bd) থেকে [gstu.edu.bd](http://gstu.edu.bd) এ পরিবর্তন করা হবে। উক্ত তারিখের পর থেকে [bsmrstu.edu.bd](http://bsmrstu.edu.bd) ডোমেইনের মাধ্যমে Google Workspace এ লগইন করা সম্ভব হবে না। ইমেইল ব্যবহারের ক্ষেত্রে তখন নিম্নোক্ত নির্দেশনাগুলো অনুসরণ করতে হবেঃ

### নির্দেশনা:

#### ✓ লগইন প্রক্রিয়া:

০৬ মার্চ ২০২৫ তারিখের পর Google Workspace-এ লগইন করতে হলে [@gstu.edu.bd](mailto:@gstu.edu.bd) ব্যবহার করতে হবে। অর্থাৎ, পূর্বের [xxxxxxxx@bsmrstu.edu.bd](mailto:xxxxxxxx@bsmrstu.edu.bd) এর পরিবর্তে [xxxxxxxx@gstu.edu.bd](mailto:xxxxxxxx@gstu.edu.bd) দিয়ে লগইন করতে হবে।

#### 🔑 লগইন তথ্য:

✉ ইমেইল: [xxxxxxxx@gstu.edu.bd](mailto:xxxxxxxx@gstu.edu.bd)

🔒 পাসওয়ার্ড: আইসিটি সেল থেকে প্রদানকৃত Google Workspace-এর পাসওয়ার্ড (আপনার বর্তমান পাসওয়ার্ড অপরিবর্তিত থাকবে, তাই নতুন করে পাসওয়ার্ড পরিবর্তন বা গ্রহণের প্রয়োজন নেই)

#### ✉ ইমেইল ফরওয়ার্ডিং:

পূর্ববর্তী ডোমেইন ([@bsmrstu.edu.bd](mailto:@bsmrstu.edu.bd)) ব্যবহার করে কেউ ইমেইল পাঠালে তা স্বয়ংক্রিয়ভাবে [@gstu.edu.bd](mailto:@gstu.edu.bd) এ চলে আসবে। অর্থাৎ, তথ্য হারানোর কোন আশঙ্কা নেই।

উল্লেখ্য, যারা এখন পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ইমেইল আইডি দিয়ে Google Workspace-এ লগইন করেননি, তারা তাদের ইমেইল আইডি ও সংশ্লিষ্ট তথ্যাদি উল্লেখ করে [support@gstu.edu.bd](mailto:support@gstu.edu.bd) তে মেইল করে পাসওয়ার্ডের জন্য অনুরোধ করবেন।

আপনাদের সার্বিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

মোঃ মাহমুদুল ইসলাম

সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল

গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।